দৈনিক বাংলা

তারিখ 06 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৮

67

# রাজশাহী বোর্ডের কয়েক শ' ছাত্রছাত্রী পরীক্ষা দিতে পারছে না

**স্টাফ রিপোর্টার** ঃ রাজশাহী, ৫ জুলাই।– আগামীকাল বৃহস্পতিবার থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের কয়েকশ' পরীক্ষার্থী রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার কারণে পরীক্ষা দিতে পারছে না বলে বোর্ড সূত্রে জানা গেছে।

অন্যদিকে, রাজশাহী বোর্ড থেকে এবারের এইচএসসি পরীক্ষায় মোট কত পরীক্ষার্থী অংশ নিবে তার সঠিক পরিসংখ্যান এখনও বোর্ডের হাতে নেই।

কম্পিউটার সংক্রান্ত জটিলতাসহ সংশ্লিষ্ট কলেজগুলোর কর্তৃপক্ষের উদাসীনতা এবং বোর্ডের সংশ্লিষ্ট বিভাগের যাচাই সংক্রান্ত গাফিলতি ও সময়ের স্বল্পতার কারণে এই অবস্থার সৃষ্টি হয়েছে বলে বোর্ডের একাধিক সূত্র জানায়।

গত ২৮ জুন রাজশাহী শিক্ষা বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক-এর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, এবারের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ডের অধীন সর্বমোট ১ লাখ ১৫ হাজার ২শ ৪জন পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে মানবিক বিভাগ থেকে ৮৩ হাজার ৩শ ২১ জন, বিজ্ঞান থেকে ২০ হাজার ৩'শ ১৪ জন ও বাণিজ্য বিভাগ থেকে ১১ হাজার ৫'শ ৬৯ জন। তিনি অবশ্য সেদিন মহিলা ও পুরুষ পরীক্ষার্থীর সংখ্যা পৃথকভাবে জানাতে পারেননি।

(৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বোর্ডের

(প্রথম পৃষ্ঠার পর)

এদিকে পরীক্ষা শুরুর ১৬ ঘন্টা আগে আজ সন্ধ্যা ৬টায় রাজশাহী বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান। ১ লাখ ১৫ হাজার ৩৪ জন মোট পরীক্ষার্থী এবারের এইচএসসি পরীক্ষায় অংশ নিবে। কিন্তু বিভাগ ওয়ারী তিনি যে পরিসংখ্যান দেন তা যোগ করলে ১ লাখ ১৬ হাজার ৩৪ জন হয় না। তিনি মানবিক বিভাগ থেকে ৫২ হাজার ৯'শ ৯৭ জন পুরুষ ও ৩০ হাজার ২'শ ৫৩ জন মহিলা পরীক্ষার্থীসহ মোট ৮৩ হাজার ২'শ ৫০ জন পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ করেন। বিজ্ঞান বিভাগে কৃষি বিজ্ঞানের ৩৪ জনসহ ১৬ হাজার ৩'শ ৯৪ জন পুরুষ ও ৩ হাজার ৭'শ ৬৮ জন মহিলা পরীক্ষার্থীর পরিসংখ্যান দেন। এখানে তিনি বিজ্ঞান বিভাগের আওতায় ৩৪ জন কৃষি বিজ্ঞানের পরীক্ষার্থীর মধ্যে কতজন মহিলা ও পুরুষ রয়েছে তা জানাতে পারেননি। বাণিজ্য বিভাগে মোট ১১ হাজার ৫শ ৫২ জন পরীক্ষার্থীর মধ্যে ১০ হাজার ৬শ ৮৬ জন পুরুষ ও ৮শ ৬৬ জন মহিলা পরীক্ষার্থী অংশ নিচ্ছে বলে তিনি জানান। তিন বিভাগের পরীক্ষার্থীর সংখ্যা যোগ করলে দেখা যায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১৪ হাজার ৯শ ৯৮ জনে দাঁড়ায়- যা পরীক্ষা নিয়ন্ত্রকের আজকের দেয়া সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যার চেয়ে ৩৬ জন কম।

পরীক্ষা নিয়ন্ত্রককে পরীক্ষার্থীর মোট সংখ্যার গরমিল সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি জানান, কম্পিউটার প্রিন্টে যা রয়েছে তাই বলছি, যোগ করে দেখা হয়নি।

পরীক্ষা নিয়ন্ত্রককে কতজন পরীক্ষার্থী রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার কারণে পরীক্ষায় অংশ নিতে পারছে না। এ প্রশ্ন করা হলে তিনি এই রিপোর্টারকে জানান, প্রায় পৌনে দুইশ'র মতো পরীক্ষার্থী ভুয়া রেজিস্ট্রেশনের কারণে পরীক্ষা দিতে পারবে না।